

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১২৫৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৫. প্রথম অনুচ্ছেদ - বিতরের সালাত

بَابُ الْوِتْرِ

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «الْوَتْرُ رَكْعَةٌ مِنْ آخر اللَّيْل» . رَوَاهُ مُسلم

বাংলা

১২৫৫-[২] 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) থেকে এ হাদীসটিও বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, আর বিতর এক রাক্'আত শেষ রাতে। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৭৫২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (الْوَتُرُ رَكْفَةُ) এক রাক্'আত বিতর সাব্যস্তকরণের ক্ষেত্রে এ বাক্যটি একটি পূর্ণাঙ্গ বক্তব্য। আর বিতরের সর্বনিম্ন সংখ্যা হলো এক রাক্'আত। (مِنْ اخر اللَّيْل) দ্বারা উদ্দেশ্য হলো, রাতের শেষ ভাগ এটা (বিতরের সালাতের) শেষ সময়। অথবা বিতরের উত্তম সময় হলো রাতের শেষাংশ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন